

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান-২ অধিশাখা  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং- ০৭.০০.০০০০.১২৭.২৬.০০৯.২১-১৩৭

তারিখ: ০৫ আষাঢ় ১৪২৯  
১৯ জুন ২০২২

বিষয়: ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ির সাংগঠনিক কাঠামোতে একটি মাইক্রোবাস অন্তর্ভুক্তকরণপূর্বক ২০২১-২০২২ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ দ্বারা ক্রয়ে সম্মতি প্রদান সংক্রান্ত।

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং-৪৩.০০.০০০০.১২৯.২০.০৮৩.১৭-৮৮, তারিখ: ১৬/০৫/২০২২ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর টিওএন্ডই-তে ০১(এক)টি মাইক্রোবাস অন্তর্ভুক্তকরণ এবং অর্থ বিভাগের ০১/০৭/২০২১ তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪(অংশ-২)-৩৮৯নং স্মারকমূলে জারিকৃত পরিশোধের শর্তাদি আংশিক শিথিল করে ২০২১-২০২২ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ দ্বারা উক্ত মাইক্রোবাস (অনুর্ধ্ব ২৭০০ সিসি) ৪৪,০০ (চুয়াল্লিশ) লক্ষ টাকার মধ্যে (ভ্যাট ও ট্যাক্সসহ) ক্রয়ে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

তবে শর্ত থাকে যে,

- (ক) মাইক্রোবাসটি ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (খ) ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দকৃত বাজেট হতে এই ব্যয় নির্বাহ করতে হবে। এর জন্য অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না;
- (গ) মাইক্রোবাসটি ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ১৩/১১/২০১৯ তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪ (অংশ-২)-৪৩০ নং স্মারকের নির্দেশনা অনুসরণ করতে হবে;
- (ঘ) মাইক্রোবাসটি টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ করতে হবে;
- (ঙ) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক মাইক্রোবাসটি টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণে জারিতব্য জি.ও'র অনুলিপি পৃষ্ঠাঙ্কনের জন্য অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগে প্রেরণ করতে হবে; এবং
- (চ) এ বিষয়ে আবশ্যিক সকল আনুষ্ঠানিকতা পরিপালনসহ প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে।

১২/০৬/২০২২  
(মোহাম্মদ সাদেকুর রহমান)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৫০৩৫১

সচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।